JAN. [illegible] 2001

খুলনা বিভাগ

# সরকারি কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

খুলনা সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর খুলনা বিভাগে চাকরিরত ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারীদের সন্তানদের ২০০০-২০০১ সালের শিক্ষাবৃত্তির আবেদনপত্র আহ্বান করেছে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৮শে ফেব্রুয়ারি, ২০০১।

খুলনা বিভাগীয় সদর ও খুলনা জেলায় কর্মরত কর্মচারীবৃন্দ সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় কমিশনারের সেক্রেটারিয়েট, বয়রা, খুলনা হতে নির্ধারিত ফরম সংগ্রহ করতে পারবেন।

বিভাগের অন্যান্য জেলার ক্ষেত্রে স্ব স্ব জেলার জেলা প্রশাসকের দপ্তরে ফরম পাওয়া যাবে।

কর্মচারীবৃন্দ ব্যক্তিগতভাবে নিজ নিজ অফিস কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে দরখাস্ত করে ফরম সংগ্রহ করতে পারবেন বা চার টাকার ডাকটিকিট সংবলিত ১০´×৫´ সাইজ খামে নিজ নাম-ঠিকানা লিখে ফেরত প্রদান খামে এ ফরম সংগ্রহ করতে পারবেন।

প্রাথমিক শিক্ষা ব্যতীত অন্যান্য শিক্ষা কোর্সে অধ্যয়নরত দুজন সন্তানের জন্য আবেদন করা যাবে। ছাত্রছাত্রীদের বিগত বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ কমপক্ষে চল্লিশ শতাংশ নম্বর পেতে হবে। আবেদনের সাথে নম্বর ফর্দের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারী এ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। তথ্য বিবরণী।